**English Progressing Academy, Chandgaon**
**Directed by : S.M. Shahidullah**
**Cell no-01819-646039/01619-646039**

## Tense (কাল)

**Tense** অর্থ কাল বা সময়। কোনো কাজ সম্পাদনের সময়কে **tense** বলে। ল্যাটিন শব্দ **'tempus'** থেকে **tense** শব্দটি এসেছে। **tempus** অর্থ সময়।

**Tense-এর প্রকারভেদ: Verb-এর কাজ অনুযায়ী tense** প্রধানত তিন প্রকার। যথা:

**১) Present tense (বর্তমান কাল) ২) Past tense (অতীত কাল) ৩) Future tense (ভবিষ্যৎ কাল)**

## Present tense (বর্তমান কাল):

যে কাজ বর্তমান কালে সম্পন্ন হয় বা হয়ে থাকে বোঝায়, তাকে **verb-এর present tense** বা বর্তমান কাল বলে। যেমন:

**১) I go to school। ২) He writes a letter। ৩) He draws a picture.**

## Past tense (অতীত কাল):

যে কাজ অতীতকালে সম্পন্ন হয়েছিল বা ঘটেছিল বোঝায়, তাকে **verb-এর past tense** বা অতীত কাল বলে।
**যেমন: I went to school. He wrote a letter yesterday. He drew a picture.**

## Future tense (ভবিষ্যৎ কাল):

ভবিষ্যৎ কালে কোনো কাজ সম্পন্ন হবে বোঝালে, তাকে **verb-এর future tense** বা ভবিষ্যৎ কাল বলে। **যেমন: I shall buy a pen. I shall go to Dhaka. They will play football etc.**

প্রত্যেকটি **tense**-কে আবার চার ভাগে ভাগ করা যায়। যথা:

**১) Indefinite (অনির্দিষ্ট) ২) Continuous (চলতি অবস্থা)**
**৩) Perfect (সম্পন্ন বা শেষ অবস্থা) ৪) Perfect continuous (পূর্ব থেকে আরম্ভ হয়ে চলতে থাকা)**

## Present tense (বর্তমান কাল)

**১. Present indefinite tense:** বর্তমান কালে কোনো কাজ সাধারণভাবে হয় বা হয়ে থাকে এরূপ বোঝালে **verb-এর present indefinite tense** হয়। চিরন্তন সত্য, নিকট ভবিষ্যৎ, অভ্যাস, প্রকৃতি বোঝাতেও **present indefinite tense** হয়।

গঠন প্রণালি: **Subject-এর পর মূল verb-এর present form** ব্যবহৃত হয়। তবে **subject (কর্তা) third person singular number** হলে মূল **verb-এর শেষে s বা es** যোগ করতে হয়। যেমন:

**1) We live in Bangladesh. 2) The sun rises in the east. 3) Birds fly in the sky.**
**4) The rose smells sweet. 5) He does not sleep by day. 6) Does Ram not drink tea?**

অনুশীলনঃ

১।সূর্য পূর্বদিকে উঠে। ২। সূর্য পশিমদিকে অস্ত যায়। ৩।পানি শূন্য ডিগ্রী সেন্টিগ্রেডে জমাট বাঁধে। ৪।চোরকে কেউ বিশ্বাস করেনা। ৫।এইতো আয়মান আসছে। ৬।তিনি প্রতিদিন খবরের কাগজ পড়েন। ৭।আমি বই পড়ী। ৮।তারা মাঠে ফুটবল খেলে। ৯।টাকায় টাকা আনে। ১০।সত্যবাদীকে সবাই সম্মান করে।

## ## যখন be verb মূল হিসাবে ব্যবহার হয়ঃ

**Structure: sub +adj +noun/noun**
**1. His result is excellent. 2. He is not a good boy. 3. She is my friend.**

অনুশীলনঃ

১।সে একজন ছাত্রী। ২।সে একজন মেধাবী ছাত্র। ৩।ছেলেটি খুব ভাল । ৪।এটি একটি বই। ৫।মানুষ মরণশীল। ৬।বিষয়টি সমাধান করা কঠিন। ৭।ইংরেজি একটি সহজ ভাষা। ৮।কম্পিউটার একটি আধুনিক যন্ত্র। ৯।মানুষ মাত্রই ভুল করে। ১০।শিক্ষকতা একটি মহৎ পেশা। ১১।বাংলা আমাদের মাতৃভাষা। ১২।নিরক্ষরতা আমাদের দেশের মূল সমস্যা। ১৩।গৃহায়ন আমাদের দেশের আরও একটি প্রধান সমস্যা। ১৪।ভাত আমাদের প্রধান খাদ্য। ১৫।অজ্ঞতা অন্ধকারের সামীল।

## ## কারও অধিকারে কোন কিছু থাকা বোঝাতেঃ

**Structure: sub +have/has +noun /adj + noun.**
**1. I have a computer. 2. He has a nice computer.**

<u>অনুশীলনঃ</u>

১।আমার একটি আলাদা পড়ার রুম আছে। ২।তার সাথে আমার একটি কথা আছে। ৩।তার বাবার একটি বাড়ি আছে। ৪।রহিমের একটি হাতঘড়ি আছে। ৫।তার একটি মোবাইল আছে। ৬।আমার কিছু বলার নেই। ৭।তার দুই ভাই ও এক বোন আছে। ৮।আমার কিছু নেই। ৯।আয়মানের সুন্দর আকটি গাড়ি আছে। ১০।সমাজে তার উচ্চ স্থান আছে।

<u>##হবে অর্থ প্রকাশ করলেঃ</u>

**Structure: Sub+have/has to+v+……..**

**1. He has to do the work. 2. I have to go home.**

<u>অনুশীলনঃ</u>

১।আমাকে আমার সিলেবাস শেষ করতে হবে। ২।আমাদের কাজটি শুরু করতে হবে। ৩।তোমাকে প্রথমে বুঝতে হবে তারপর অংকটি করতে হবে। ৪।আমার কাজটি করতে হবেনা। ৫।আজ আমাকে কলেজে যেতে হবে। ৬।আমাদেরকে দেশের জন্য কাজ করতে হবে। ৭।সরকারকে দেশের বেকার সমস্যা সমাধান করতে হবে। ৯।সকলের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ করতে হবে। ১০।আমাকে করিমের সাথে দেখা করতে হবে। ১১।অন্যের বিপদে আমাদেরক সাহায্য করতে হবে। ১২।আমাকে পরীক্ষার জন্য ভাল প্রস্তুতি নিতে হবে।

<u>##উচিৎ বুঝাতেঃ</u>

**Structure: sub+should+v+……..**

**We should obey our parents.**

Shahid Sir

<u>অনুশীলনঃ</u>

১।আমার কজটি করা উচিৎ। ২।তোমার উচিৎ বড়দের সম্মান করা। ৩।তোমার মনোযোগ দিয়ে পড়াশোনা করা উচিৎ। ৪।আমাদের দেশের জন্য কাজ করা উচিৎ। ৫।জীবন বাচানর জন্য আমাদের রক্তদান করা উচিৎ। ৬।সকলের উচিৎ মুক্তিযোদ্ধাদের সম্মান করা। ৭।আমাদের উচিৎ দেশের স্বাধীনতা রক্ষা করা। ৮।কাজটি করা তোমার উচিৎ নয়।

<u>##ইতে হয় বুঝাতেঃ</u>

**Structure: sub+am/is/are+ to +v+…..**

**I am to do all household works.**

<u>অনুশীলনঃ</u>

১।আমাকে প্রতিদিন কলেজে যেতে হয়। ২।তাকে অনেক কষ্টে পরিবার চালাতে হয়। ৩।দূর্নীতিবাজদের অবশেষে শাস্তি পেতে হয়। ৪।ছাত্রদের দায়িত্ব হল পড়াশোনা করা। ৫।আমাকে সকল বিষয়ে পরামর্শ দিতে হয়। ৬।পড়াশোনার পর সবাইকে চাকুরী খুঁজতে হয়। ৭।সবাইকে অন্যের উপর নির্ভর করতে হয়।

<u>##সক্ষম বুঝাতেঃ</u>

**Structure: sub +am/is/are +able to + v+…..**

**I am able to do work.**

<u>অনুশীলনঃ</u>

১।আমি বিষয়টি বুঝতে সক্ষম। ২।সে অংকটি করতে সক্ষম। ৩।আমরা বিষয়টি সমাধান করতে সক্ষম। ৪।বৃদ্ধ লোকটি কাজ করতে সক্ষম। ৫।সে ইন্টারভিউ দিয়ে চাকুরী পেতে সক্ষম।

<u>##প্রস্তুত বুঝাতেঃ</u>

**Structure :sub +am/is/ are +ready to +v +…**

**I am ready to help the poor.**

<u>অনুশীলনঃ</u>

১।আমি কাজটি করতে প্রস্তুত। ২।আমরা দেশের জন্য কাজ করতে প্রস্তুত। ৩।সে পরীক্ষার জন্য প্রস্তুত। ৪।সে চাকুরী খুজতে শহরে যেতে প্রস্তুত।

<u>##ইচ্ছুক বুঝাতেঃ</u>

**Structure: sub +like to +v+……**

**I like to do work.**

অনুশীলনঃ

১।আমি ইংরেজী শিখতে ইচ্ছুক। ২।আমি ইংরেজীতে কথা বলতে ইচ্ছুক। ৩।সে কক্সবাজার যেতে ইচ্ছুক। ৪।সে আমার সাথে কথা বলতে ইচ্ছুক।

## ##কোন কিছু করার কথা বুঝাতেঃ

**Structure: sub +am/is/are +supposed to + v +………..**
**He is supposed to do work.**

অনুশীলনঃ

১।তার এখানে আসার কথা। ২।আমাদের পিকনিকে যাওয়ার কথা। ৩।তাদের সমস্যাটি নিয়ে আলোচনা করার কথা। ৫।তাদের আমার জন্য অপেক্ষা করার কথা।

## ##পারা বুঝাতেঃ

**Structure: sub +can/may + v+…..**
**I can do the work.**

Shahid Sir

অনুশীলনঃ

১।আমি ইংরেজী বুঝতে পারি। ২।আমি ইংরেজীতে কথা বলতে পারি। ৩।আমরা দেশের উন্নতির জন্য কাজ করতে পারি। ৪।সে একা একা ঢাকা যেতে পারে। ৫।আজ বৃষ্টি হতে পারে। ৬।আমরা নিরক্ষরতা দূর করতে পারি। ৭।আমরা গরীবদের সাহায্য করতে পারি। ৮।আমি অংকটি করতে পারি।

## ##সহজ বা কঠিন বুঝাতেঃ

**Structure: sub+ am/is/are +easy/difficult + to + v+….**
**It is easy to say but difficult to do.**

অনুশীলনঃ

১।কাজটি করা সহজ। ২।অংকটি করা কঠিন। ৩।ইংরেজী শেখা সহজ। ৪।নিজেকে জানা খুব কঠিন।

## ##কোন স্থানে কোন কিছু থাকা বুঝাতেঃ

**Structure: There is/ There are** দিয়ে বাক্যটি শুরু করতে হয়। **singular** হলে **there is** আর **plural** হলে থেরে আরে হয়।
**There is a college in our locality. There are many books on the table.**

অনুশীলনঃ

১।আমাদের বাড়ীর সামনে একটি দোকান আছে। ২।আমাদের কলেজে দশজন শিক্ষক আছেন। ৩।এই রুমে দুইটি ফ্যান আছে। ৪।আমাদের বাড়ীর পেছনে একটি নারিকেল গাছ আছে। ৫।আমাদের কলেজের সামনে একটি বড় মাঠ আছে।

**N.B.:** সময়ের উল্লেখ থাকে এমন বাক্যে যদি **always, sometimes, daily, everyday, regularly, occasionally, usually, normally, often etc.** থাকলে **present indefinite tense** হয়।

## **Present continuous tense:**

বর্তমান কালে কোনো কাজ হচ্ছে বা চলছে এরূপ বোঝালে **verb**-এর **present continuous tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **person** ও **number** অনুসারে **am, is, are** বসে এবং মূল **verb**-এর শেষে **ing** যোগ হয়। যেমন:

1) **Mother is telling a story. 2) The dog is barking. 3) Tuli is singing a song. 4) I am seeing a bird. 5) Now it is not raining. 6) Rahim is catching fish.**

অনুশীলনঃ

১।আমি একটি বই পড়িতেছি। ২।এখন বৃস্টি হচ্ছে। ৩।আমি আজ রাতে দিল্লী যাবো। ৪।তিনি আজ বিকেলে মিটিং এ আসছেন। ৫।আমি কাল পাঁচটায় ট্রেনে খুলনা যাচ্ছি। ৬।মুরগীটি ডিমে তা দিচ্ছে। ৭।কৃষকেরা মাঠে ধান কাটছে। ৮।আমি তাকে একটি কলম দিচ্ছি। ৯।সে এবার এইচ এস সি পরীক্ষা দিচ্ছে। ১০।আমি তোমাকে বিশ্বাস করিতেছি। ১১।আজ আমি অসুস্থ বোধ করছি। ১২।আমি টান্ডা অনুভব করছি। ১৩।আমি তোমাকে সাহায্য করব ভাবছি।

**N.B.: কোন sentence এ now, at present, at this moment, day by day, rapidly, etc. থাকলে present continues tense হয়।**

**## verb এর সাথে ing যোগ করার সময় যে দিকগুলো খেয়াল রাখতে হবে--------**

শব্দের শেষে যদি **"e"** আর সেটা যদি উচ্চারিত না হয় তাহলে **ing** যোগ করার সময় উক্ত অনুচ্চারিত **e** উঠে যায়।যেমন**---Take---taking. Make---making. Give---giving.**

এক **syllable** বিশিষ্ট শব্দের শেষ বর্ণের আগে একটি মাত্র **vowel** থাকলে **ing** করার সময় শেষ বর্ণটি দ্বিত্ব হয়। যেমন**-cut—cutting, put—putting, dig—digging, run—running, begin—beginning.**

কিন্তু শব্দের শেষে যদি **semi-vowel** থাকে উপরের নিয়মটি প্রযোজ্য নয়। যেমন**—play—playing, draw—drawing.**

শব্দের শেষে **ie** থাকলে **ing** করার সময় **ie** এর পরিবর্তে **y** হয় তারপর **ing** হয়।

**Like, believe, wish, hope, know, hear, understand, love, taste, smell, feel. See, think** ইত্যাদি **verb** গুলোর **present continues tense** হয় না।

**<u>Present perfect tense:</u>**

বর্তমান কালে কোনো কাজ এই মাত্র শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো বর্তমান আছে, এরূপ বোঝালে **verb-**এর **present perfect tense** হয়।

গঠন প্রণালি**: Subject-**এর পর **person** ও **number** অনুসারে **have** বা **has** বসে এবং মূল **verb-**এর **past participle form** ব্যবহৃত হয়। যেমন**:**

1) **I have written a letter. 2) She has drawn a picture. 3) They have eaten rice.**

অনুশীলনঃ

১।সে বাজারে গিয়াছে। ২। এইমাত্র আমার খাওয়া শেষ হল। ৩।আমরা খেলা শেষ করেছি। ৪।তিনি আমাকে সাহায্য করেছেন। ৫।আমি একটি নতুন কম্পিউটার কিনেছি। ৬।সে বইটি পড়া শেষ করেছে। ৭।সে চলে গেছে।

**N.B.: কোন sentence এ যদি just, just now, yet, already, lately, recently, ever থাকলে present perfect tense হয়।**

**<u>Present perfect continuous tense:</u>**

বর্তমান কালে কোনো কাজ পূর্ব থেকে আরম্ভ হয়ে এখনো হচ্ছে বা চলছে এরূপ বোঝালে **verb-**এর **present perfect continuous tense** হয়।

গঠন প্রণালি**: Subject-**এর পর **person** ও **number** অনুসারে **have been** বা **has been** বসে এবং মূল **verb-**এর শেষে **ing** যোগ হয়।

যেমন**: 1) I have been reading for five hours. 2) It has been raining since morning. 3) He has been suffering from fever for seven days.**

Shahid Sir

অনুশীলনঃ

১।আমি দুইঘন্টা ধরে আপনার জন্য অপেক্ষা করতেছি। ২।সাতদিন যাবৎ রফিক জ্বরে ভুগিতেছে। ৩।তুলি দুইঘন্টা ধরে একটি কবিতা মুখস্থ করিতেছে। ৪।সকাল থেকে বৃস্টি হইতেছে। ৫।জাহাঙ্গীর একঘন্টা যাবৎ টিভি দেখিতেছে। ৬।দুই বছর ধরে আমি এই কলেজে অধ্যায়ন করিতেছি। ৭।আমি দশ বছর ধরে শিক্ষকতা করছি।

**N.B.:নির্দিষ্ট সময় বুঝালে since এবং ব্যপক সময় বুঝালে for বসে।**

**<u>Past indefinite tense:</u>**

অতীত কালে কোনো কাজ সাধারণভাবে হয়েছিল এরূপ বোঝালে **verb-**এর **past indefinite tense** হয়।

গঠন প্রণালি**: Subject-**এর পর মূল **verb-**এর **past form** ব্যবহৃত হয়। যেমন**:**

**1. He went to school. 2) Rony did not go to school. 3) You ate rice. 4) Did you eat rice?**

অনুশীলনঃ

১।গত পরশু আমি তোমার মেসেজ পেয়েছি। ২। সে আমকে নানাভাবে সাহায্য করেছিল। ৩।আমি সেখানে তিন্দিন ছিলাম। ৪।সে গতবছর এইচ এস সি পরীক্ষা দিয়েছিল। ৫।সে ঢাকার উদ্দেশ্যে রওনা হল। ৬।সে এমনভাবে কথা বলে যেন সে সবকিছু জানে। ৭।আমার ছেলেবেলা গ্রামে কেটেছিল। ৮।সে প্রতিদিন নদীতে স্নান করত।

**N.B.:অতীত নির্দেশক শব্দ যেমন—yesterday, ago, long ago, long since এবং last সম্পর্কিত শব্দ থাকলে past indefinite হয়।**

**<u>Past continuous tense:</u>**

অতীত কালে কোনো কাজ হচ্ছিল বা চলছিল এরূপ বোঝালে **verb**-এর **past continuous tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **person** ও **number** অনুসারে **was** বা **were** বসে এবং মূল **verb**-এর শেষে **ing** যোগ হয়।যেমন:
**1) I was singing a song. 2) The moon was shining. 3) You were learning English.**
**4) She was not dancing. 5) The Students were not making a noise.**

অনুশীলনঃ

১।আমি তখন নামাজ পড়িতেছিলাম। ২।আয়মান কান্না করিতেছিল। ৩।আমি তাকে ঘুম পাড়াচ্ছিলাম। ৪।সে তার পড়া শিখতেছিল। ৫।ছাত্র-ছত্রীরা তখন জাতীয় সঙ্গীত গাইতেছিল। ৬।আমি যখন ফিরছিলাম তখন মা রান্না করতেছিল। ৭।ভিক্ষুকটি দ্বারে দ্বারে ভিক্ষা করছিল। ৮।সাপ দেখে লোকটি ভয়ে কাঁপছিল। ৯।তারা তখন পুকুরে সাঁতারকাটছিল।

**<u>Past perfect tense:</u>**
অতীত কালে সংঘটিত দুটি কাজের মধ্যে পূর্বে সংঘটিত কাজটির **verb**-এর **past perfect tense** হয় এবং পরে সংঘটিত কাজটির **verb**-এর **past indefinite tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **had** বসে এবং মূল **verb**-এর **past participle form** ব্যবহৃত হয়। যেমন:
**1.The patient had died before the doctor came. 2) The train had left before we reached the station. 3) We reached home after the sun had set.**

অনুশীলনঃ

১।আমি কলজে রওনা হবার পূর্বেই বৃষ্টি শুরু হল। ২।স্টেশনে পৌছাতে না পৌছাতেই গাড়ি ছেড়ে দিল। ৩।ভাত খাওয়ার পূর্বে আমি গোসল করেছিলাম। ৪।খেলা শেষ হবার পর আমরা মাঠ ত্যাগ করলাম। ৫।শিক্ষক ক্লাস ত্যাগ করার পরপরই ছাত্ররা গোলমাল করতে লাগল। ৬।তুমি আসার আগে আমি অংক করতেছিলাম। ৭।সে বলল যে সে ভাল পরীক্ষা দিয়েছে। ৮।বৃষ্টি আসার পূর্ব্র সে ঘরে ফিরল।

**<u>Past perfect continuous tense:</u>**
অতীত কালে সংঘটিত দুটি কাজের মধ্যে পূর্বে সংঘটিত কাজটি কিছু সময় যাবত চলছিল এরূপ বোঝালে **verb**-এর **past perfect continuous tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **had been** বসে এবং মূল **verb**-এর শেষে **ing** যোগ হয়। যথা:
**1)The boys had been making a noise before the class began.**
**2) I had been walking before the sun set. 3) I had been doing sums before you came.**

অনুশীলনঃ

১।ট্রেনটি ছাড়বার পূর্বে আমরা খেলা করছিলাম। ২।আমি যখন তার সাথে দেখা করতে গেলাম তখন সে উপন্যাস পড়তেছিল। ৩।যখন আমি ছেলেটিকে দেখলাম তখন সে কাঁদছিল। ৪।রায় সাহেব সেখানে পাঁচ বছর ধরে শিক্ষকতা করেছিলেন। ৫। আমি বহুদিন ধরে তার আচরন লক্ষ করেছিলাম। ৬।তুমি আসিবার পূর্বে আমি অংক করতেছিলাম।

Shahid Sir

**<u>Future tense (ভবিষ্যৎ কাল)</u>**
**Future indefinite tense:** ভবিষ্যৎ কালে কোন কাজ সাধারণভাবে সংঘটিত হবে এরূপ বোঝালে **verb**-এর **future indefinite tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **person** ও **number** অনুসারে **shall** বা **will** বসে এবং মূল **verb**-এর **present form** ব্যবহৃত হয়। যেমন:
**1) I shall go to Sylhet. 2) He will buy a book. 3) He will not learn English.**
**4) Will you play football?**

অনুশীলনঃ

১।আগামী সোমবার থেকে আমদের পরীক্ষা শুরু হবে। ২।এস এম শহীদুল্লাহ সাহেব আমাদের ইংরেজী পড়াবেন। ৩।আমি তোমাকে একটি মজার গল্প বলব। ৪।আজ বৃষ্টি হবে। ৫।সে তোমার নামে মামলা করবে। ৬।তুমি তোমার কাজ যত্নসহকারে করবে। ৭।মৌমাছিরা ফুলে ফুলে উড়ে বেড়াবে। ৮।শীঘ্রই বসন্ত শুরু হবে।

**<u>Future continuous tense:</u>**
ভবিষ্যৎ কালে কোনো কাজ কিছু সময় ধরে হতে থাকবে বা চলতে থাকবে বোঝালে **verb**-এর **future continuous tense** হয়।
গঠন প্রণালি: **Subject**-এর পর **person** ও **number** অনুসারে **shall be** বা **will be** বসে এবং মূল **verb**-এর শেষে **ing** যোগ হয়। যেমন:

**1) I shall be singing a song. 2) He will be catching fish.3) She will not be dancing.
4) Ranu will not be singing. 5) Will they be playing football?**

অনুশীলনঃ

১।জেলেরা নদীতে মাছ ধরতে থাকবে। ২।সূর্য অস্ত না যাওয়া পর্যন্ত আমরা খেলতে থাকব। ৩।তুমি ছবি আঁকতে থাকবে। ৪।তুমি লোক্টিকে সাহায্য করতে থাকবে। ৫।আমি ঘুমাতে থাকব।

**<u>Future perfect tense:</u>**

ভবিষ্যৎ কালে সংঘটিত দুটি কাজের মধ্যে অপেক্ষাকৃত পূর্বে সংঘটিত কাজটির **verb**-এর **future perfect Tense** হয় এবং পরে সংঘটিত কাজটির **verb**-এর **Present/future indefinite tense** হয়।

গঠন প্রণালি: **Subject**-এর পর **person** ও **number** অনুসারে **shall have** বা **will have** বসে এবং মূল **verb**-এর **past participle form** ব্যবহৃত হয়। যেমন:

**1) I shall have done the sum before I go to school. 2) She will have done the work by this time. 3) They will have reached home before the rain sets in. 4) I shall have finished the work before father comes.**

অনুশীলনঃ

১।সূর্য অস্ত যাওয়ার পূর্বেই তারা বাড়ী পৌছাবে। ২।অতিথি আসার পূর্বেই মুক্তা রান্না শেষ করবে। ৩।তিনি এতক্ষনে চিঠিখানা পেয়ে থাকবেন। ৪।তিনি এতক্ষনে বাড়ী পৌছে থাকবেন।

**<u>Future perfect continuous tense:</u>**

ভবিষ্যৎ কালে সংঘটিত দুটি কাজের মধ্যে একটি কাজ অপর কাজটি শুরু হওয়ার পূর্ব পর্যন্ত কিছুকাল ধরে চলতে থাকবে বোঝালে পূর্ববর্তী কাজটি **future perfect continuous tense** হয় এবং পরবর্তী কাজটি **Present/future indefinite tense** হয়।

গঠন প্রণালি: **Subject**-এর পর **shall have been** বা **will have been** বসে এবং মূল **verb**-এর শেষে **ing** যোগ হয়। যেমন:

**1) I shall have been doing the sum before he arrives. 2) She will take rest after she will have been walking for two hours. 3) They will have been playing before the sun sets.
4) I shall have been sleeping before the sun rises**

অনুশীলনঃ

১।বৃষ্টি শুরু হওয়ার পূর্ব পর্যন্ত আমরা খেলতে থাকব। ২।তুমি আসার পূর্বে পর্যন্ত আমি পাঠ তৈরী করতে থাকব। ৩।সূর্য ওঠার আগ পর্যন্ত আমরা প্রার্থনা করতে থাকব। ৪।তোমরা ঘুমাইতে যাওয়ার পূর্বে আমি কিছুক্ষণ ইংরেজী পড়িতে থাকিব।

## # <u>Rewrite the following passage in the present tense.</u>

**(a) My father was a farmer. I helped him in his work. My mother also helped him at home. She also helped us to prepare our lesson in the evening. Our grandfather was an old man but he told us many interesting story.**

**(b) There was none else in the world like my mother. She would love me very dearly. She did never think of her own happiness. Her joy knew no bounds when she would find me happy. Mother would become very anxious when I was ill.**

**(c) It was a nice warm evening in March. Anwar was reading a book in his bedroom at home, when his mother called him. When Anwar went down-stairs, he found his mother with some visitors in the living room. Anwar's mother told him to look after them for few moments and left the room. Anwar felt embarrassed and shy.**

## # <u>Rewrite the following passage in the past tense.</u>

**(a) Nasiruddin is a pious and learned man. He spends his time in studies and religious activities. Although he is an emperor of Delhi he leads his life like an ordinary man. He copies the holy Quran and sells it in the market. He maintains his family with the money he earns thereby.**

**(b) Luna and Rina are walking along with Rina's mother. Rina's mother is a housewife. They are going to Luna's house. Luna's mother is a school teacher. She teaches the student well.**

## # <u>Re-write the following passage in the future tense.</u>

**(a) The annual cultural week of our school was held on the 3rd march. We decorated the school campus very nicely. The chief guest arrived at 10:00 am. He was received cordially. The function started at 10:30 am.**

**(b) My younger brother Sujoy became a teacher. He went back to our village. He started a night school there. He taught the poor and illiterate farmers. The villagers became very happy.**

**এখন কিছু verb দিয়ে tense এর ব্যবহার দেখাবোঃ**

**Write, read, learn, go, play, draw, teach, sleep, catch, visit.**

1. **I (do) আমি(করি)**
2. **I am (doing) আমি (করিতেছি)**
3. **I have (done) আমি (করেছি)**
4. **I have been (doing) আমি (করিতেছি)**
5. **I (did) আমি (করেছিলাম)**
6. **I was (doing) আমি (করিতেছিলাম)**
7. **I had (done) আমি (করিয়াছিলাম)**
8. **I had been (doing) আমি (করিতেছিলাম)**
9. **I shall (do) আমি (করব)**
10. **I shall be (doing) আমি (করিতে থাকিব)**
11. **I shall have (done) আমি (করিয়া থাকিব)**
12. **I shall have been (doing) আমি (করিতে থাকিব)**

**The following passage contains the sentences of the forms of present tense. Read the passage carefully and try to write something by following the passage:**

Jesmine reads in a village high school. She is very regular in studies. Rising early in the morning, she gets ready for her lesson. Today is a holiday. So she is sleeping. Her father has gone to field to reap paddy. Her mother is calling her to wake." It is bad to rise late" says her mother. "Mum, rise up. The sun has risen. Wake up and enjoy the morning breeze. Why are you sleeping? Your friends, Nadia has been reading since dawn." Jesmine gets up and finds that her uncle has sent her a new set of dress on the occasion of her birthday that comes off tomorrow. She feels delighted. Then she turns the radio to listen to English news. She hears the last voice. "The queen goes to join the celebration"

**# Fill in the gabs with the verb given in the box. Use the right form of verb**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Give | Form | To be | Live | Conquer | Advance | Succeed | Try | Work | need |

Man(a) ----a social being. He lives in society because society(b) ----- him security. But it is man who(c) ---- society. Man can't live alone. He (d)--- the help of others to survive. So, man (e)--- together in co-operation with one another from time immemorial. He has been (f)---- hard to bring about changes in society. He (g)--- in developing society and the condition in life by dint of his own efforts. He (h)--- many forces of nature. He is (i)--- hard to earn complete mastery over nature. He (j)--- step by step.

**The following passage contains the sentences of the forms of past tense. Read the passage carefully and try to write something by following the passage:**

Arif left for school in time. On the way, he met his friend, Saif. They were good friends. They used to practice speaking English. They stared walking together. The sky was cloudy. So, they were walking fast. They had reached the school gate before it began to rain. Arif and Saif ran into the classroom. The bell rang and the school started. No sooner had the teacher entered the class than the students stood up. They all gave attention while the teacher taught the lesson. The class was going on. The teacher asked some questions to test what the students had learnt during the lesson. The period being over, the bell rang. The class had been going on for 45 minutes before the bell rang.

**# Fill in the gabs with the verb given in the box. Use the right form of verb**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Live | To be | Take | Make | Tell | Return | Go | Start |

Amin ---- a poor villager. He did not have any work to earn. He ---- three children. His wife --- a homemaker. They --- in want. They ---- a loan from the grameen bank and ---- a grocery they worked very hard. They --- a good profit. One day Amin was --- to wholesale market to buy some goods. On the he saw that some health workers ---- telling people about family planning. He listened to them. He bore in mind what he ---- heard them saying. Later, he ---- his wife about it after he had ---- home